# পঞ্চম উপজেলা পরিষদের ৩৬ তম সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব আব্দুল মোমিন চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ, কানাইঘাট
তারিখ : ১২ মে ২০২২
সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক এবং খ-তে দেখানো হলো ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ ও অনুমোদিত হয়। অত:পর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় /বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় সকলের প্রচেষ্টায় করোনা পরিস্থিতি নিয়ন্ত্রনে আছে। স্বাস্থ্য বিভাগের হাসপাতাল এবং মাঠ পর্যায়ের সকল কার্যক্রম করোনা প্যান্ডিমিকের পূর্বের ন্যায় পূর্ণ উদ্যমে চলছে। যেহেতু বর্ষার মৌসুম তাই ডেঙ্গু এবং অন্যান্য পানিবাহিত রোগ যেমন ডায়রিয়া, চর্মরোগ ইত্যাদির প্রাদুর্ভাব হতে পারে। এ ব্যাপারে সকলকে সতর্ক থাকতে হবে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ,কানাইঘাট থানার প্রতিনিধি সভায় জানান, এ উপজেলায় সীমান্ত এলাকা দিয়ে যাতে করে কোন ধরণের মাদকদ্রব্য বা চোরাচালান জাতীয় মালামাল না আসতে পারে সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় । | সীমান্ত এলাকা দিয়ে যাতে করে কোন ধরণের মাদকদ্রব্য বা চোরাচালান মালামাল না আসতে পারে সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা, কানাইঘাট, সিলেট |
| ৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট |
| ৪ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, আগামী ১৯-০৫-২০২২ ইং তারিখ জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২২ এর অনুষ্ঠান উপজেলা পর্যায়ে শুরু হবে। উক্ত অনুষ্ঠান সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় (এডিপি) এর প্রকল্পগুলো দরপত্র আহবান করে ঠিকাদার নির্বাচন করা হয়েছে এবং দ্রুত প্রাক্কলন মোতাবেক কাজ শুরু করা হবে বলে সভাকে অবহিত করেন।<br>তিনি আরো জানান যে, উপজেলা উন্নয়ন প্রকল্পের আওতায় ৪০(চল্লিশ)টি স্ট্রীট লাইট স্থাপন করা হয়েছে বলে সভাকে অবহিত করেন।<br>চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় পূর্ব ইউনিয়ন পরিষদ সভাকে জানান, দিঘিরপাড় পূর্ব ইউনিয়নের অর্ন্তগত সড়কের বাজারে ক্লাবের ভবন পুরাতন ও জরাঝীর্ণ অবস্থায় রয়েছে। উক্ত ক্লাবের ভবনটি মেরামত ও ক্লাবটি সচল রাখার জন্য সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট, সিলেট |
| ৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরো ধান কর্তন প্রায় ৮০ ভাগ শেষ হয়েছে এবং ২০ ভাগ ধান কর্তনের বাকী রয়েছে। খুব দ্রুত ধান কর্তন করা হবে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পর্যায়ে আসন্ন কোরবানীর ঈদে খামারীগণ পর্যাপ্ত পরিমাণে পশুপালন করছেন। গরু পুষ্টকরণে অবৈধ পন্থা অবলম্বন করে হরমোন, স্টেরয়েড ব্যবহারের ব্যাপারে সচেতনমূলক উঠান বৈঠক ও তদারকী চলমান রয়েছে। কোন অবৈধ পন্থা অবলম্বনকারীকে প্রশাসনের সহযোগিতায় আইনের আওতায় নিয়ে আসতে হবে। ব্যাম্পাম নার্সারী থেকে উন্নত জাতের ঘাসের কাটিং বিতরণ করা হয়েছে। গো খাদ্যের সংকট মোকাবেলায় ঘাস চাষ করার জন্য খামারীদের উদ্ধুদ্ধ করা হচ্ছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারালাইজড, জন্মগত থ্যালাসামিয়া রোগে আক্রান্ত অসহায় ও দরিদ্র রোগী থাকলে তাদের সম্পর্কে এ কার্যালয়কে অবহিত করার | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান। | | |
| ১০ | দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অথবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসুচীর কাজ চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি-২ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি - ২ সভায় জানান যে, বর্ষা মৌসুম চলমান থাকায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সচল রাখার জন্য সংশ্লিষ্ট সকলের সহোযোগিতা কামনা করেন।<br>তিনি আরোও জানান, বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট সকলের সহোযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি - ২ কানাইঘাট,সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কোনো অগ্রগতি জানা যায়নি। | সভায় যথাসময়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট,সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, এ উপজেলার ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন ক্লাব/সংগঠন রেজিষ্ট্রেশন/ তালিকাভূক্তির জন্য | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রশিক্ষণসহ এ দুটি বিষয়ে সকলকে অবগত করার সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| ১৯ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ, হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ PEDP-4, NBPDCP এবং NBIDNNGPZ প্রকল্পের আওতায় কাজ চলমান রয়েছে বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২০ | খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, খাদ্য বিভাগের সংগ্রহ কার্যক্রম শুরু করার জন্য নির্দেশনা পাওয়া গেছে। এ কার্যক্রমে কৃষক নির্বাচন হবে ১২-০৫-২০২২ ইং তারিখ ০১(এক) জন কৃষক সর্বোচ্চ ০৩ মে:টন ধান ২৭/- কেজি দরে বিক্রি করতে পারবে। ০১(এক) টন ধানের দাম ১,০৮০/- টাকা বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২১ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে মোট ঋণ আদায় হয়েছে ৩০,০৩,০০০/- (ত্রিশ লক্ষ তিন হাজার) টাকা এবং ঋণ বিতরণ হয়েছে ২৭,০০,০০০/- (সাতাশ লক্ষ ) টাকা বলে সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২২ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান , জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে ৪৫ দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৩ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ০১ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০২ টি এবং ১৮৮ টি মামলা অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা | (ক) কোন সালের কতটি মামলা অনিষ্পন্ন রয়েছে তার চিত্র উল্লেখ পূর্বক মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ করেন। | (খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | |
| ২৪ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান, চলতি অর্থ বছরে কানাইঘাট উপজেলার বিভিন্ন রাস্তায় ও বাঁধে ২০.০০ কিলোমিটার স্ট্রীপ বাগান সৃজন এবং উপজেলার বিভিন্ন সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ও ধর্মীয় প্রতিষ্ঠানে ৫,০০০(পাঁচ হাজার)টি বিভিন্ন প্রজাতির চারা বনায়নের পরিকল্পনা রয়েছে। এ সভায় অফিস প্রধানগণ ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরোও জানান যে, ২০ কিলোমিটার স্ট্রীপ বাগান সৃজনের নিমিত্তে স্থানীয় জনপ্রতিনিধি স্থানীয় লোকজন, গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে আলোচনা করে প্রাথমিক ভাবে রাস্তা সনাক্ত করা হয়েছে।<br>১ . রাজার মাটি হইতে আমরিখাল পর্যন্ত (পানি উন্নয়ন বোর্ডের বাঁধ) = ১০ সিডঃ কিঃ<br>২. নন্দিরাই হতে সোনাপুর ভায়া গোসাইনপুর = ৪ সিডঃ কিঃ<br>৩. ভাড়ারী মাটি হতে পাত্রমাটি পর্যন্ত = ৩ সিডঃ কিঃ<br>৪. আব্দুল কাদির মাষ্টারের বাড়ী সামনে হইতে রহিমিয়া মাদ্রাসা পর্যন্ত = ৩ সিডঃ কিঃ<br>সভাপতি জানান, ভূমি রক্ষায় ও পরিবেশ ভারসাম্য রক্ষার স্বার্থে পানি উন্নয়ন বোর্ডের বাঁধে বনায়ন কার্যক্রম গ্রহণের জন্য বন বিভাগকে অনুরোধ জানান। | বন বিভাগ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৫ | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন | আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারী দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে।<br><br>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিওভূক্ত স্কুল, কলেজ, | সকল সরকারী/ বেসরকারী দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান, কানাইঘাট, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| | | শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধ জানান। আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার সভায় আরো জানান যে, কানাইঘাট উপজেলার বিভিন্ন প্রশাসনিক টায়ারে তথ্য প্রদানকারী ইউনিটের সংখ্যা ৩৪ টি। তন্মধ্যে তথ্য প্রদান ইউনিটসমূহে এ পর্যন্ত নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা ১৭ টি এবং ১৭ জন কর্মকর্তা ইতোমধ্যে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ শেষে সনদপত্র গ্রহণ করেছেন। অন্যান্য কর্মকর্তাগণকে জরুরী ভিত্তিতে অনলাইন কার্যক্রম গ্রহণ পূর্বক সনদপত্রের কপি দাখিলের জন্য অনুরোধ জানান। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |
| ২৬ | করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর আগের স্টেইন দুর্বল থাকায় এর প্রকোপ তেমন বাড়তে পারেনি। কিন্তু বর্তমান প্রেক্ষাপটে কোভিড-১৯ এর ২য় পর্যায়ে আক্রান্তের সংখ্যা হ্রাস পাওয়ায় স্বাস্থ্য বিধি মেনে জীবনমান পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। আলোচনায় অংশগ্রহণ করে উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রকোপ ৩য় বারের মত যাতে ছড়িয়ে না পড়ে সে লক্ষ্যে জনসাধারণকে স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত রাখার বিষয়ে জনপ্রতিনিধিগণকে এগিয়ে আসার আহ্বান জানান। পাশাপাশি বিভিন্ন ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান বিশেষ করে বিবাহ অনুষ্ঠান, জলসা বা ওয়াজ মাহফিলে জনসমাগম এড়িয়ে স্বাস্থ্যবিধি মেনে চলার লক্ষ্যে জনসাধারণকে সচেতন করার বিষয়টি নিশ্চিত করার প্রস্তাব করেন। | (ক) করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলা ও মাস্ক পরিধানের বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার-প্রচারণা জোরদার করতে হবে।<br>(খ) করোনা টিকা গ্রহণের পরও মাস্ক পরিধান করতে হবে।<br>(গ) গণপরিবহন, হাটবাজার, রাস্তাঘাট ও অন্যান্য স্থানে সামাজিক দূরত্ব মেনে চলার বিষয়টি নিশ্চিত করতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; উপজেলা নির্বাহী অফিসার; উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কানাইঘাট, সিলেট |
| ২৭ | বিবিধ | সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক) উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী ব্যয়; (খ) উপজেলা পরিষদ চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা/ভ্রমণ ভাতা; (গ) পাম্প চালক, | উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ; মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিষদের আপ্যায়ন ব্যয় ও আনুষাংঙ্গিক ব্যয় এবং (ঙ)অফিস সরঞ্জাম ক্রয় ও রক্ষনাবেক্ষন (চ) গ্যাস বিল;(ছ) ভূমি উন্নয়ন কর; (জ) সংবাদপত্র খাতের বিজ্ঞপ্তির বিল;(ঝ) বিদ্যুৎ ক্লোজ সার্কিট ক্যামেরা;(ঞ) আসবাবপত্র মেরামত;(ট) পরিষ্কার পরিচ্ছন্নতা বাবদ চাহিদার ভিত্তিতে উপজেলা রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আব্দুল মোমিন চৌধুরী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কানাইঘাট, সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২১.৮২(৩৬)

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৯
১২ মে ২০২২

১। মাননীয় সংসদ সদস্য ২৩৩ সিলেট- ৫ নির্বাচনী এলাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
৪। জেলা প্রশাসক, সিলেট
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৭। মেয়র, কানাইঘাট পৌরসভা, কানাইঘাট, সিলেট
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট
৯। উপজেলা ---------------------------------কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
১০। চেয়ারম্যান, ------------------------------ ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
১১। জনাব------------------------------------ কানাইঘাট, সিলেট

সুমন্ত ব্যানার্জি
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, কানাইঘাট, সিলেট

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সুমন্ত ব্যানার্জি | উপজেলা নির্বাহী অফিসার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব লুৎফুর রহমান | মেয়র,কানাইঘাট পৌরসভা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মাওলানা আব্দুল্লাহ শাকির | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব খাদিজা বেগম | ভাইস চেয়ারম্যান(মহিলা)উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো ঃ তমিজ উদ্দিন | চেয়ারম্যান,০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো ঃ জামাল উদ্দিন | চেয়ারম্যান,০২ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো ঃ আবু তাইয়ীব | চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মো ঃ আব্দুল মালিক চৌধুরী | চেয়ারম্যান,০৫ নং বড়চতুল ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব আফসার উদ্দিন আহমদ | চেয়ারম্যান,০৬ নং কানাইঘাট সদর ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মো ঃ লোকমান উদ্দিন | চেয়ারম্যান,০৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব আবু বকর | চেয়ারম্যান,০৮ নং ঝিঙ্গাবাড়ী ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব শামছুল ইসলাম | চেয়ারম্যান,০৯ নং রাজাগঞ্জ ইউ/পি,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব ডাঃ হিতাংশু শেখর পাল | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মোঃ এমদাদুল হক | উপজেলা কৃষি কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব জনাব ডাঃ মোঃ ইকবাল হোসেন | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব কারিশমা আহমেদ জাকসি | উপজেলা মৎস্য কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব দিলিপ কান্ত নাথ | প্রতিনিধি,অফিসার ইনচার্জ,কানাইঘাট থানার,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মো: আবু হানিফ | উপজেলা প্রকৌশলী,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব গোপাল চন্দ্র সূত্রধর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভারপ্রাপ্ত),কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব তারিকুল ইসলাম | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মো : কামাল উদ্দিন | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মোঃ জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব জি .এম.সেলিম রেজা | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মো ঃ জয়নুল ইসলাম | উপজেলা বিট কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব মুর্শিদা বেগম | প্রতিনিধি উপজেলা খাদ্য নিয়ন্ত্রয়ক,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মোঃ আব্দুল মালিক | উপজেলা সমবায় কর্মকর্তা,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব পনিরুজ্জামান | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ৩০ | জনাব মো ঃ আক্তার হোসেন | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ এর,কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩১ | জনাব হারুন আহমদ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, কানাইঘাট,সিলেট | স্বাক্ষরিত |
| ৩২ | জনাব মো ঃ ইমরান আলী | ইউএফডি,উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প,কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |

### পরিশিষ্ট "খ"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০২ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৩ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা,কানাইঘাট,সিলেট |
| ০৪ | তথ্য আপা প্রকল্প, কানাইঘাট, সিলেট |
| ০৫ | নারী সংরক্ষিত সদস্য,কানাইঘাট,সিলেট |